

আমার শেষের তুমি

□ প্রসন্ন পাল

কবির কল্পনা নও,
আজ তুমি কঠোর বাস্তব।
আমার হৃদয়বহির ইন্ধন তুমি
আমার নিরাকার হৃদয়ের বন্ধন তুমি।
হৃদয় হয়েছে ভস্মীভূত,
আবেগের বিন্দু আজ সমুদ্র।
তবুও তোমার হৃদয়কে ছুঁতে পারিনি আজও
তোমার প্রেম তোমার হৃদয়েই রুদ্ধ।
আমার না বলা কথাগুলো বলা হয়ে গেছে
প্রতীক্ষাও হয়েছে শেষ।
নিজের আবেগে নিজেই ভিজেছি
পাইনি তোমার রেশ।
বৃষ্টিভেজা বিকালের রামধনু নও
পথভ্রষ্ট পথিকের মরীচিকা তুমি।
আমার আবেগ তোমার কাছে অভিনয়
আমার ভালোবাসা শুধুই ন্যাকামি।
আমি চেয়েছি তোমায় বাঁধতে,
তুমি কেড়েছ আমার শক্তি।
আমার ছিল প্রেম,
তোমার ছিল যুক্তি।
কর্ণভূমিতে আজ আমি সূতপুত্র
ইন্দ্রের চেয়েও কঠোর তুমি।
কবচ-কুন্ডল নয়,
রুদ্ধ করেছ আবেগ, চেয়েছ হৃদয়ের মুক্তি।
এক অসম্ভবের অভিযানে,
নেমেছি আমি।
শতরূপে প্রেরণা,
অন্য কেউ নয়, এখনও তুমি।